

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৪৪.২০১৭- ২৬৭৬

তারিখঃ ১৯ পৌষ ১৪২৪
০২ জানুয়ারি ২০১৭


বিষয় : রীট পিটিশন নং-১৬৫৬৪/২০১৭, [পিটিশনার জনাব নুর হোসেন, পিতা-মৃত-উছতার আলি, গ্রাম-ফকির নগর, জলিলপুর থানা ও জেলা-সুনামগঞ্জ - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ২৯.১১.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২২.১১.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পিটিশনারের নিকট থেকে সুনামগঞ্জ জেলাধীন ফকিরনগর শ্রীপুরে পিরাননগর বিলের ইজারা মূল্য, জেলা প্রশাসক, সুনামগঞ্জ কর্তৃক গ্রহণ করার লক্ষ্যে নির্দেশনা চেয়ে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৬ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তঃ পিরাননগর বিলের ইজারা বাবদ অর্থ গ্রহণের জন্য কেন নির্দেশনা দেয়া হবেনা সে মর্মে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মোকদ্দমার অপরাপর প্রতিপক্ষ হলেন জেলা প্রশাসক, সুনামগঞ্জ; অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ এবং প্রকল্প পরিচালক, HILIP, LGED, প্রমুখ। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : কলের কপি।



(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
সুনামগঞ্জ।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/ মাস্টার কপি।